



ভর্তি বিজ্ঞপ্তি

১ম বর্ষ স্নাতক (সম্মান) শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮
তারিখ: ১৯/০৮/২০১৭ খ্রি.

ঠাকুরগাঁও সরকারি কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন ফরম পূরণ করার জন্য তথ্যাবলি

College Code: 3502

ভর্তি বিষয়ক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd

এবং ঠাকুরগাঁও সরকারি কলেজের ওয়েবসাইট: www.tgc.edu.bd

On Line আবেদনের সময়কাল : ২৪/০৮/২০১৭ থেকে ২১/০৯/২০১৭ তারিখ পর্যন্ত।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি কলেজে বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থ, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান বিষয়ে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিকট হতে On Line আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদনের পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদান করা হলো।

১. আবেদনের সাধারণ যোগ্যতা

- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে সকল শাখায় ২০১৪/২০১৫ সালের এসএসসি/সমমান এবং ২০১৬/২০১৭ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় আলাদাভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।
- প্রার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।
- ২০১৪/২০১৫ সালের ৬-খবাবধ পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৬/২০১৭ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এই ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সংগে সরাসরি যোগাযোগ করবে।
- বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এই ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর সংগে সরাসরি যোগাযোগ করবে।

২. আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

- আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) Honours Tab এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যছকে প্রার্থীর এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- অতঃপর বিষয় পছন্দ, কোটা (যদি থাকে) ইত্যাদি তথ্য সঠিকভাবে প্রদান করার পর আবেদনকারী পাসপোর্ট সাইজ রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে।
- সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদাকাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

৩. আবেদন ফরম বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন

- আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant's Login (Honours) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।
- কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর পরিবর্তন করা যাবে না।

৪. আবেদন ফি প্রদান

- শিওরক্যাশে প্রাথমিক আবেদন ফি বাবদ ২৫০/- জমা দান করতে হবে। শিওরক্যাশে টাকা পরিশোধের key-word: TGCNU
- টাকা জমা দেওয়ার পর Transaction ID আবেদন ফরমের উপর লিখতে হবে।


৫. আবেদন ফরম জমা :

- আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।
- আবেদন ফরমের সঙ্গে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি সংযুক্ত করে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।
- কলেজের পুরাতন প্রশাসন ভবনের কম্প্লেক্স রুমে ২৪/০৮/২০১৭ থেকে ২০/০৯/২০১৭ সকাল ১০:০০ টা থেকে বেলা ১:০০ টা পর্যন্ত ভর্তি ফরম জমা দেয়া যাবে। (শুক্রবার ও সরকারি ছুটির দিন বাদে)।

ক্লাস শুরু তারিখ: ১৫ অক্টোবর, ২০১৭ খ্রি.

দ্রষ্টব্য: ফলাফল প্রকাশের দিন ভর্তির সময়সূচি, ভর্তি ফি এর পরিমাণ ও অন্যান্য তথ্য পরবর্তী নোটিশের মাধ্যমে জানানো হবে। বিস্তারিত তথ্য কলেজের ওয়েব সাইট, www.tgc.edu.bd- এ জানা যাবে।

প্রতিস্বাক্ষর




(প্রফেসর ড. মো. গোলাম কিবরিয়া মল্লা)

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।



(মোঃ শামীম হোসেন)

সহযোগী অধ্যাপক, অর্থনীতি ও

আহবায়ক

১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি/২০১৭-২০১৮

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।